[redacted]

[redacted] [redacted] [redacted] [

অর্জনের মাধ্যমে তিনি খুলনা বিভাগীয় পর্যায়ে অংশগ্রহণের সুযোগ লাভ করেন।

গতকাল বৃহস্পতিবার খুলনায় অনুষ্ঠিত বিভাগীয় পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণ করে প্রথম স্থান অর্জন করেন মোঃ নাফিউল ইসলাম। তার এই সাফল্যে মেহেরপুর সরকারি কলেজসহ পুরো জেলা গর্বিত।

প্রতিযোগিতা শেষে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন খুলনা বিভাগের বিভাগীয় কমিশনার মোঃ মোখতার আহমেদ।

মোঃ নাফিউল ইসলামের এই অর্জনে কলেজ কর্তৃপক্ষ, শিক্ষকবৃন্দ ও শিক্ষার্থীরা তাকে অভিনন্দন জানিয়েছেন এবং তার উজ্জ্বল ভবিষ্যৎ কামনা করেছেন।

পরিবার পরিকল্পনায় বিশেষ অবদানে শ্রেষ্ঠ উপজেলা নির্বাহী অফিসার হলেন খায়রুল ইসলাম

পরিবার পরিকল্পনা কার্যক্রমে বিশেষ অবদান রাখার স্বীকৃতিস্বরূপ মেহেরপুর সদর উপজেলার নির্বাহী অফিসার মো. খায়রুল ইসলামকে জেলা পর্যায়ে শ্রেষ্ঠ উপজেলা নির্বাহী অফিসার হিসেবে সম্মাননা প্রদান করা হয়েছে।

সোমবার (১৪ জুলাই) বিকেলে মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে বিশ্ব জনসংখ্যা দিবস উপলক্ষে আয়োজিত আলোচনা সভা ও সম্মাননা প্রদান অনুষ্ঠানে এই পুরস্কার প্রদান করা হয়।

এর আগেও ২০২৫ সালের জুন মাসে জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমে বিশেষ ভূমিকার জন্য তাঁকে শ্রেষ্ঠ ইউএনও হিসেবে সম্মাননা দেওয়া হয়েছিল। এবার পরিবার পরিকল্পনা কার্যক্রমে গুরুত্বপূর্ণ অবদান

রাখায় দ্বিতীয়বারের মতো তিনি এই গৌরব অর্জন করলেন।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুরের জেলা প্রশাসক সিফাত মেহনাজ। তিনি ইউএনও মো. খায়রুল ইসলামের হাতে সম্মাননা ক্রেস্ট তুলে দেন।

এসময় আরও উপস্থিত ছিলেন সিভিল সার্জন ডা. একেএম আবু সাঈদ, জেলা শিক্ষা অফিসার হযরত আলী, জেলা পরিবার পরিকল্পনা বিভাগের উপ-পরিচালক রাশেদুল বশির খানসহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দ।

চুয়াডাঙ্গায় ভালো কাজের স্বীকৃতি স্বরূপ শ্রেষ্ঠ অফিসার নির্বাচিত

চুয়াডাঙ্গা জেলায় ফেব্রুয়ারি ২০২৫ মাসের ভালো কাজের স্বীকৃতি স্বরূপ শ্রেষ্ঠ অফিসার ইনচার্জ নির্বাচিত হয়েছেন দর্শনা থানা অফিসার ইনচার্জ (ওসি) মুহাম্মদ শহীদ তিতুমীর ও শ্রেষ্ঠ এসআই নির্বাচিত হয়েছেন দর্শনা থানার এসআই মাসুদুর রহমান।

গত বৃহস্পতিবার চুয়াডাঙ্গা পুলিশ লাইন্সে অনুষ্ঠিত কল্যাণ সভা অনুষ্ঠানে এই স্বীকৃতি প্রদান করা হয়।

পলিশ সূত্রে জানা গেছে, ২০২৫ ফেব্রুয়ারী মাসে চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানা পুলিশ সর্বোচ্চ মাদকদ্রব্য উদ্ধার করেছে। জেলার মধ্যে বেশিরভাগ ওয়ারেন্ট আসামী গ্রেফতারি পরোয়ানা তামিল করেন। দর্শনা থানাধীন বেশ কয়েকটি চাঞ্চল্যকর মামলর ঘটনার মূল আসামি গ্রেফতার এসব ঘটনার রহস্য উদঘাটন অন্যান্য আসামি গ্রেফতার সহ লুণ্ঠিত মালামাল উদ্ধার করে সাফল্য দেখিয়েছে।

এছাড়া দর্শনা থানাধীন এলাকার নিয়মিত মামলার এজাহার নামীয় আসামি গ্রেফতার করে। এলাকায় আইন-শৃঙ্খলা রক্ষার্থে বিশেষ ভূমিকা ইত্যাদি ভালো কাজের স্বীকৃতি স্বরপ চুয়াডাঙ্গা জেলা শ্রেষ্ঠ অফিসার ইনচার্জ হিসাবে নির্বাচিত হয়েছেন দর্শনা থানার সুযোগ্য

অফিসার ইনচার্জ (ওসি) মুহম্মদ শহীদ তিতুমীর, শ্রেষ্ঠ এসআই হিসেবে নির্বাচিত হয়েছেন দর্শনা থানার এসআই (নিরস্ত্র) মোঃ মাসুদুর রহমান, শ্রেষ্ঠ এএসআই নির্বাচিত হয়েছেন দর্শনা থানার এএসআই (নিরস্ত্র) মোঃ আরিফুল ইসলাম।

কল্যাণ সভা অনুষ্ঠানে শ্রেষ্ঠ পুরস্কার বিতরণী করে ক্রেস্ট প্রদান করেন চুয়াডাঙ্গা পুলিশের সুযোগ্য পুলিশ সুপার খন্দকার গোলাম মাওলা বিপিএম সেবা এবং অতিরিক্ত পুলিশ সুপার ক্রাইম জনাব কনক কুমার, সহকারী পুলিশ সুপার (দামুড়হুদা-জীবননগর) সার্কেল জাকিয়া সুলতানা। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলার সকল থানার অফিসার ইনচার্জ সহ পুলিশের কর্মকর্তা বৃন্দ।

প্রতিভা অন্বেষণ প্রতিযোগিতায় বিভাগীয় পর্যায়ে শ্রেষ্ঠ রোভার সাকিব বিশ্বাস

বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চলের তত্ত্বাবধানে ও বাংলাদেশ স্কাউটস স্পেশাল ইভেন্ট এর পরিচালনায় খুলনা বিভাগীয় পর্যায়ে প্রতিভা অন্বেষণ প্রতিযোগিতায় উপস্থাপনায় খুলনা বিভাগীয় পর্যায়ে শ্রেষ্ঠ উপস্থাপক নির্বাচিত হয়েছেন চুয়াডাঙ্গা সরকারি কলেজ রোভার স্কাউটস গ্রুপের সিনিয়র রোভার মেট ও জেলা সিনিয়র রোভার মেট প্রতিনিধি আল মুতাকাব্বির বিশ্বাস সাকিব।

সরকারি মাইকেল মধুসূদন কলেজ যশোরে আয়োজিত বিভাগীয় পর্যায়ে প্রতিভা অন্বেষণ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতায় খুলনা বিভাগে সকল জেলা থেকে বিভিন্ন ইভেন্টে শ্রেষ্ঠত্ব অর্জনকারী রোভারবৃন্দ অংশগ্রহণ করেন। রোভার সাকিব বিশ্বাস সকল জেলাকে পিছনে ফেলে শ্রেষ্ঠ উপস্থাপক নির্বাচিত হয়। এ সময় তিনি অন্য একটি ইভেন্ট মূকাভিনয় প্রতিযোগিতায় বিভাগীয় পর্যায়ে দ্বিতীয় স্থান অধিকার করার সুনাম অর্জন করেন।

রোভার সাকিব বিশ্বাস চুয়াডাঙ্গা সরকারি কলেজের বিবিএ ৩য় বর্ষের হিসাববিজ্ঞান বিভাগের শিক্ষার্থী। তিনি হায়দারপুর গ্রামের বিশিষ্ট ব্যবসায়ী সাবেক মেম্বার মোঃ শহিদুল ইসলাম ও সাবিনা ইয়াসমিন দম্পতির ছেলে। তার এই সাফল্যের পিছনে চুয়াডাঙ্গা জেলা রোভারের সম্পাদক জাহিদুল হাসান ও তার অভিভাবকদের প্রতি কৃতজ্ঞতা জানান এবং জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠত্ব অর্জন করতে পারে তার জন্য সকলের নিকট দোয়া চান

গাংনী থানার এসআই মাসুদ জেলায় শ্রেষ্ঠ উপপরিদর্শক মনোনীত

আদালতের পরোয়ানাভূক্ত সর্ব্বোচ্চ হুকুম তামিল করায় গাংনী থানার উপপরিদর্শক (এসআই) মাসুদকে মেহেরপুর জেলার শ্রেষ্ট উপপরিদর্শক (এসআই) নির্বাচিত করে পদক ও পুরস্কার হিসেবে অর্থ প্রদান করা হয়েছে।

বৃহস্পতিবার সকালে মেহেরপুর পুলিশ লাইনের ড্রীলশেড অনুষ্ঠিত মাসিক কল্যাণ সভায় তাকে এ পুরুস্কারে ভুষিত করা হয়।

উপপরিদর্শক(এসআই)মাসুদকে পুলিশ সুপার রাফিউল আলম তার হাতে পদক ও অর্থ তুলে দেন।

এসময় অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) জামিরুল ইসলাম, এএসপি সার্কেল অপু সারোয়ারসহ পুলিশের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা উপস্থিত ছিলেন।

এর আগে মাদকদ্রব্য উদ্ধার ও আসামি গ্রেফতারে অবদান রাখায় এসআই মাসুদ দুই বার জেলার শ্রেষ্ট উপপরিদর্শক নির্বাচিত হয়েছিলেন।